



OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS Help Center

“সমন” বলতে কী বোঝায়?

“সমন”, যা “টিকিট” নামেও পরিচিত, এমন একটি ডকুমেন্ট যা কোনও ব্যক্তি বা ব্যবসায়কে জানায় যে নিউ ইয়র্ক সিটির একটি সংস্থা তাদের বিরুদ্ধে আইন, নিয়ম বা প্রবিধান লঙ্ঘনের অভিযোগ এনেছে এবং তাদের জানায় যে তাদের বা কোনও প্রতিনিধিকে অবশ্যই সেই অভিযোগের সাড়া দিতে একটি নির্দিষ্ট তারিখে OATH-এ উপস্থিত হতে হবে। সমনটি আপনাকে সশরীরে অথবা ডাকযোগে পৌঁছে দেওয়া হতে পারে; কিংবা এটি সংশ্লিষ্ট প্রাপ্তদের দরজায় ‘টাঙিয়ে’ (অর্থাৎ, টেপ দিয়ে আটকে) রাখা হয়ে থাকতে পারে।

যেভাবে আপনার কাছে সমনটি পৌঁছে দেওয়া হয়েছে, তাকে “সার্ভিস” বলা হয়। সার্ভিস গুরুত্বপূর্ণ, কারণ সমনটি কীভাবে পৌঁছে দেওয়া আবশ্যিক সে বিষয়ে সুনির্দিষ্ট নিয়মাবলী রয়েছে।

আপনার কাছে সমনটি কীভাবে পৌঁছে দেওয়া আবশ্যিক, সে সম্পর্কে আরও তথ্যের জন্য OATH সহায়তা কেন্দ্রের একজন প্রতিনিধির সাথে কথা বলুন।

একটি সমনে কী তথ্য অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে?

1. লঙ্ঘনের দায়ে অভিযুক্ত ব্যক্তি বা ব্যবসার নাম এবং ঠিকানা (যদি জানা থাকে)। এই ব্যক্তি বা ব্যবসাটি “উত্তরদাতা” হিসেবে পরিচিত।
2. অভিযুক্ত লঙ্ঘনসমূহ সম্পর্কে উত্তরদাতাকে “অবহিত করার জন্য পর্যাপ্তভাবে স্পষ্ট ও সংক্ষিপ্ত একটি বিবৃতি, যেখানে অভিযোগের ঘটনার তারিখ, স্থান এবং সময় সহ “অত্যাবশ্যিক তথ্য”-এর উল্লেখ থাকবে।
3. উত্তরদাতার নিকট এমন পর্যাপ্ত তথ্য থাকা, যাতে তিনি “আইন, বিধি বা প্রবিধানের যে ধারা বা ধারাগুলি লঙ্ঘিত হয়েছে বলে অভিযোগ করা হয়েছে, সে সম্পর্কে সুনির্দিষ্ট নোটিশ” পেতে পারেন।
4. উত্তরদাতার জন্য পর্যাপ্ত তথ্য, যাতে যদি প্রমাণিত হয় যে তিনি উল্লিখিত লঙ্ঘন/গুলি করেছেন তাহলে তিনি “সর্বোচ্চ জরিমানা হিসাব করতে পারেন”।
5. শুনানি অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান সম্পর্কে উত্তরদাতাকে নোটিশ। তারিখটি অবশ্যই সমন জারির পর অন্তত পনেরো (15) ক্যালেন্ডার দিন পরের হতে হবে, তবে নির্দিষ্ট কিছু ধরনের সমনের ক্ষেত্রে, উত্তরদাতা শুনানির তারিখটি এগিয়ে আনার অনুরোধ জানাতে পারেন।
6. উত্তরদাতাকে নোটিশ যে তিনি শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হলে তাকে অনুপস্থিত বলে গণ্য করা হবে এবং তিনি ‘লঙ্ঘনকারী’ হিসেবে সাব্যস্ত হবেন।
7. পর্যাপ্ত তথ্য যাতে OATH-এর নিয়মাবলীর অধীনে উত্তরদাতার অধিকারসমূহ সম্পর্কে তাকে জানানো যায়।

আপনার সমনে যদি উপরে উল্লিখিত কোনো তথ্য অনুপস্থিত থাকে, তাহলে আপনার OATH শুনানির সময় বিষয়টি নিয়ে আলোচনা করা আপনার স্বার্থের পক্ষে সবচেয়ে ভালো হতে পারে।

আরও সহায়তার জন্য, OATH-এর যেকোনও অবস্থানে সোমবার থেকে শুক্রবার, সকাল ৪টা থেকে বিকাল ৫টা পর্যন্ত সশরীরে, (212) 436-0845 নম্বরে টেলিফোনের মাধ্যমে, বা Manhelpcenter@oath.nyc.gov এ ইমেলের মাধ্যমে OATH সহায়তা কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

Bronx

260 E.161st Street, 6th FL
Bronx, NY 10451

Brooklyn

9 Bond Street, 7th FL
Brooklyn, NY 11201

Manhattan

66 John Street, 10th FL
New York, NY 10038

Queens

31-00 47th Avenue, 3rd FL
Long Island City, NY 11101

Staten Island

350 St. Marks Place, Main FL
Staten Island, NY 10301